যুগান্তর

তারিখ 22 NOV 2017
পৃষ্ঠা 2 কলাম 2

# ২৩ দিন পর ক্লাসে ফেরার সিদ্ধান্ত বুয়েট শিক্ষার্থীদের

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

দীর্ঘ ২৩ দিন পর ক্লাসে ফেরার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের
(বুয়েট) শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েক শিক্ষার্থীর সঙ্গে বুয়েট শিক্ষার্থীদের
একটি অংশের সংঘর্ষের জের ধরে বুয়েট শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে আসছিল। পরে
প্রশাসনের দাবি পূরণের আশ্বাসের পরিপ্রেক্ষিতে ক্লাসে ফেরার সিদ্ধান্তের কথা জানান
আন্দোলনকারী শিক্ষার্থীদের মুখপাত্র ও তড়িৎ এবং ইলেকট্রনিক কৌশল বিভাগের ছাত্র
আহসান রাব্বী খান।

চতুর্থ বর্ষের ছাত্র রাব্বী জানান, ছাত্র কল্যাণ পরিদফতরের পরিচালক অধ্যাপক সত্য
প্রসাদ মজুমদার শিক্ষার্থীদের দাবি-দাওয়া মেনে নেয়ার আশ্বাস দিলে তারা এমন সিদ্ধান্ত
নেন। আগামী শনিবার থেকে নিয়মিত ক্লাস-পরীক্ষা এবং সব ধরনের একাডেমিক
কার্যক্রমে অংশ নেবেন বলেও জানান তিনি। তবে দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত
আন্দোলন চলবে বলেও জানান তিনি। এ বিষয়ে বুয়েটের ছাত্র কল্যাণ পরিদফতরের
পরিচালক অধ্যাপক সত্য প্রসাদ জানান, ক্যাম্পাসের পলাশী ও বকশীবাজার প্রান্তের
সড়কে দুটি ফটক বসানোর দাবি জানিয়েছিল শিক্ষার্থীরা। তা বাস্তবায়নে একটি কমিটি
করা হয়েছে।

এদিকে এ ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকেও একটি কমিটি গঠন করা হয়।
কমিটি সমস্যা সমাধানে ও ঘটনা উদঘাটনে কাজ করে যাচ্ছে বলে যুগান্তরকে জানান
ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক একেএম গোলাম রাব্বানী। প্রসঙ্গত, ক্যাম্পাস
থেকে 'বহিরাগত তাড়ানোর অভিযানের' মধ্যে ২৬ ও ২৭ অক্টোবর বুয়েট শিক্ষার্থীদের
সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহুরুল হক হলের ছাত্রদের সংঘর্ষ হয়। তাতে আহত
হন বুয়েটের পাঁচ ছাত্র। এরপর দোষীদের বিচারসহ আট দফা দাবিতে ২৯ অক্টোবর
থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও ল্যাব বর্জন শুরু করে বুয়েট শিক্ষার্থীরা।